'শেখ হাসিনার নির্দেশ
জলবায়ু সহিষ্ণু বাংলাদেশ'

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয়
সামাজিক বন বিভাগ, ঢাকা
বনভবন, মহাখালী, ঢাকা-১২১২

স্মারক নং- ২২.০১.০০০০.৬০৮.০৫.৪৩১.২১-১৩০৫ — তারিখ : ১৯/০৯/২০২১ খ্রিঃ

# নিয়োগ বিজ্ঞপ্তি

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের আওতাধীন বন অধিদপ্তরের রাজস্ব খাতভুক্ত নিম্নোক্ত শূন্য পদসমূহে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের জন্য বাংলাদেশী প্রকৃত নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে http://cfcc.teletalk.com.bd ওয়েবসাইটে অনলাইনে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | পদের সংখ্যা | বেতন গ্রেড ও স্কেল (জাতীয় বেতন স্কেল-২০১৫) | যোগ্যতা | যে জেলার প্রার্থী আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১ | জুনিয়র ওয়াইল্ড লাইফ স্কাউট | ০৬ (ছয়) | গ্রেড-১৭ বেতন স্কেল টাকা ৯,০০০-২১,৮০০ | ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>খ) উচ্চতা ১৬৩ সে. মি. ও বুকের মাপ ৭৬ সে. মি। | **ঢাকা বিভাগ**<br>ঢাকা, গাজীপুর, মানিকগঞ্জ, মুন্সীগঞ্জ, নারায়ণগঞ্জ, নরসিংদী, মাদারীপুর, রাজবাড়ী, শরীয়তপুর ও কিশোরগঞ্জ জেলা<br>**সিলেট বিভাগ**<br>সিলেট, হবিগঞ্জ, মৌলভীবাজার ও সুনামগঞ্জ জেলা<br>**ময়মনসিংহ বিভাগ**<br>ময়মনসিংহ, জামালপুর, শেরপুর ও নেত্রকোনা জেলা।<br>এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় ঢাকা, সিলেট ও ময়মনসিংহ বিভাগের সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |
| ২ | অফিস সহায়ক | ৩৩ (তেত্রিশ) | গ্রেড-২০ বেতন স্কেল টাকা ৮,২৫০-২০,০১০ | ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>খ। সুস্বাস্থ্যের অধিকারী। | |

### নিয়োগ সংক্রান্ত শর্তাবলী

১. ২৫/০৩/২০২০ খ্রিঃ তারিখে আবেদনকারীর বয়স ১৮-৩০ বৎসরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধীদের জন্য বয়স ১৮-৩২ বৎসরের মধ্যে হতে হবে এবং মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র-কন্যাদের জন্য বয়স ১৮-৩০ বৎসরের মধ্যে হতে হবে।
২. আবেদনপত্র গ্রহণ ও পরীক্ষার ফি জমা দান শুরুর তারিখ ও সময় ২২/০৯/২০২১ খ্রিঃ তারিখ সকাল ১০-০০টা।
৩. আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ২১/১০/২০২১ খ্রিঃ তারিখ বিকাল ৫.০০টা।
৪. কোন সরকারি বা আধাসরকারি সংস্থায় কর্মরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
৫. সরকার নির্ধারিত নির্বাচনী কমিটি কর্তৃক প্রার্থী বাছাই করা হবে। প্রার্থীদের এতদুদ্দেশ্যে আয়োজিত ক্ষেত্র অনুযায়ী লিখিত, শারীরিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
৬. উপরোক্ত ছকের ক্রমিক নং ০১ এ বর্ণিত পদের প্রার্থীদের বন অধিদপ্তরের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৯-এর তফসিল ২ অনুযায়ী বাংলা, ইংরেজি, গণিত, প্রাসঙ্গিক টেকনিক্যাল/সাধারণ জ্ঞান বিষয়ে লিখিত পরীক্ষা ও মৌখিক পরীক্ষায় এবং ক্রমিক নং ০২ এ বর্ণিত পদের প্রার্থীদের তফসিল ০৩ অনুযায়ী বাংলা, ইংরেজি, গণিত বিষয়ে লিখিত পরীক্ষা ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।
৭. সরকারি নির্দেশনা মোতাবেক আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য, এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী, মহিলা, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা ও মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র-কন্যাদের ক্ষেত্রে বর্তমান প্রচলিত কোটা ও জেলা কোটা ক্ষেত্রমতে যথাযথভাবে অনুসরণ করা হবে।
৮. আবেদনকারীকে মৌখিক পরীক্ষা গ্রহণের সময় নিম্নবর্ণিত কাগজপত্রাদির মূলকপি প্রদর্শন এবং প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত অনুলিপি জমা প্রদান করতে হবে।
   ক) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র, অভিজ্ঞতা (প্রযোজ্য ক্ষেত্রে) সনদের সত্যায়িত কপি।
   খ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি।
   গ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র।
   ঘ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদপত্র।
   ঙ) শারীরিক প্রতিবন্ধী, এতিম, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সার্টিফিকেট এবং মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পিতা-মাতার/পুত্র কন্যার পুত্র-কন্যাগণের পিতামহ/মাতামহ এর মুক্তিযোদ্ধা সনদপত্র (সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদসহ)।
   চ) আবেদনকারীকে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনের সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক উল্লেখপূর্বক প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা অথবা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র ।
৯. কর্তৃপক্ষ প্রয়োজনে যে কোন শর্ত সংযোজন, সংশোধন এবং পরিবর্তন করার ক্ষমতা সংরক্ষণ করেন। কর্তৃপক্ষ অনিবার্য কারণবশতঃ নিয়োগ প্রক্রিয়া যে কোন পর্যায়ে স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
১০. কর্তৃপক্ষ সংশ্লিষ্ট পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করেন।
১১. প্রার্থীকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার ভ্রমণ/দৈনিক ভাতা দেয়া হবে না।
১২. নিয়োগের বিষয়ে কোন প্রকার তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।
১৩. নিয়োগের ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

### অনলাইনে আবেদনের নিয়মাবলী

(ক) পরীক্ষায় অংশগ্রহণ ইচ্ছুক http://cfcc.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ :
i. Online আবেদনপত্র জমাদান শুরুর তারিখ ও সময় : ২২/০৯/২০২১ খ্রিঃ, সকাল ১০.০০টা।
ii. Online আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় : ২১/১০/২০২১ খ্রিঃ, বিকাল ৫.০০টা।
উক্ত সময়সীমার মধ্যে USER ID প্রাপ্ত প্রার্থীগণ পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS-এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০, প্রস্থ ৩০০ Pixel) ও স্বাক্ষর ( দৈর্ঘ্য ৩০০, প্রস্থ ৮০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ ৬০ KB হতে হবে।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসাবে সংরক্ষণ করবেন। এবং মৌখিক/ব্যবহারিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান :
Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন টেলিটক প্রি-পেইড মোবাইল নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে পরীক্ষার ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও টেলিটক সার্ভিস চার্জ বাবদ ৬/- (ছয়) টাকা মোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য, Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।
প্রথম SMS : CFCC<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: CFCC ABCDEF Reply: Aplicant's Name, TK 56/- will be charged as application fee. Your PIN is 12345678. To Pay fee Type CFCC<space>YES<space>PIN and Send to 16222
দ্বিতীয় SMS : CFCC<space>YES<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: CFCC YES 12345678 Reply: Congratulation Aplicant's Name, payment completed succesfully for CFCC Application for the post of XXXXXXXXXX User ID is (ABCDEF) and Password (XXXXXXX).

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://cfcc.teletalk.com.bd অথবা বন অধিদপ্তরের ওয়েবসাইট www.bforest.gov.bd এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS Read করা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (সম্ভব হলে রঙিন) করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধু টেলিটক প্রিপেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।
i. User ID জানা থাকলে প্রথম CFCC<space>Help<space>User<space>User ID & Send to 16222.
Example: CFCC HELP User ABCDEF & Send to 16222.
ii. PIN Number জানা থাকলে CFCC<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222.
Example: CFCC HELP PIN 12345678 & Send to 16222.

(ঝ) প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এ মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থিতা বাতিল এবং প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

(ঞ) ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে।

(ট) চাকুরিরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষকে অবহিত করে আবেদন করতে হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষায় দলিলাদি দাখিলের সময় যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সংশ্লিষ্ট কাগজপত্র প্রেরণ করতে হবে এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র দাখিল/প্রদর্শন করতে হবে।

(ঠ) Online-এ আবেদন করতে কোন সমস্যা হলে যে কোন টেলিটক মোবাইল থেকে ১২১ এ কল করুন। এ ছাড়াও vas.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। (Mail-এর Subject এ Organization Name: CFCC. Post Name ****, Applicants User ID, Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

*** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে পরামর্শ দেয়া যাচ্ছে।


ডঃ মোঃ জাহিদুর রহমান মিয়া
সদস্য সচিব
বিভাগীয় পদোন্নতি/নিয়োগ বোর্ড
(ঢাকা, সিলেট ও ময়মনসিংহ বিভাগ)
ও
বিভাগীয় বন কর্মকর্তা
সামাজিক বন বিভাগ, ঢাকা
Email: dfosfdhaka@gmail.com


ডিজি-১৮৩২/২১ (২৫″×৪)